# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ২. ২৮. ক্রুশারোহণের দিনেই স্বর্গে গমন

লূক লেখেছেন যে, যীশু ক্রুশে থাকা অবস্থায় তাঁর সাথে ক্রুশবিদ্ধ একজনকে সাথে নিয়ে সে দিনেই স্বর্গে গমনের প্রতিশ্রুতি দিয়েছেন: ‘‘আমি তোমাকে সত্যি বলছি, আজই তুমি পরমদেশে (ফিরদাউস/Paradise) আমার সঙ্গে উপস্থিত হবে (To day shalt thou be with me in paradise)।’’ (লূক ২৩/৩৯-৪৩)

এ প্রতিশ্রুতি অনুসারে ক্রুশবিদ্ধ হওয়ার দিন বা শুক্রবারেই যীশু স্বর্গে গমন করবেন। খ্রিষ্টান জগৎ একমত যে, কথাটা ভুল। ইঞ্জিলের বর্ণনায় তিনি তিন দিন মৃত অবস্থায় মাটির গর্ভে থাকেন। ইঞ্জিলগুলো একমত যে, শুক্রবার যীশু ক্রুশে মৃত্যুবরণ করেন এবং রবিবার সকালে পুনরুত্থান করেন। আমরা দেখেছি যে, মার্ক ও লূকের বর্ণনায় তিনি রবিবারেই স্বর্গারোহণ করেন। যোহনের বর্ণনায় আরো কয়েকদিন পরে এবং প্রেরিত পুস্তকের বর্ণনায় তিনি ৪০ দিন পরে স্বর্গে পিতার নিকট গমন করেন। ক্রুশের দিনেই তিনি পরমদেশে বা স্বর্গে গমন করেননি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14190

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন